# বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
**অবসর ভবন**
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ৯১১৯২০৮, ৯১১৪৮৫৮।


---

## অর্থ বিষয়ক উপ-কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার তারিখ ঃ ০৫/১২/২০১৮
সভার সময় ঃ ১১.০০ ঘটিকা
সভার স্থান ঃ সমিতির সম্মেলন কক্ষ
চেয়ারম্যান ঃ আবদুল্লাহ হারুন পাশা

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ**

১. জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর
২. জনাব এ,কে, শামসুল হক
৩. জনাব ওয়ালী উল হক খন্দকার
৪. জনাব মোঃ মাহবুব হোসেন
৫. জনাব মোঃ নজরুল ইসলাম
৬. সৈয়দ আব্দুল মালেক
৭. জনাব মোঃ মোখলেছুর রহমান
৮. জনাব মোঃ গোলাম কিবরিয়া
৯. ড. মোঃ ওমর ফারুক খান

সভার শুরুতে উপ-কমিটির চেয়ারম্যান উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী - ১ ঃ অত্র সমিতির অর্থ বিষয়ক উপ-কমিটির ১৯ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

বিগত ১৯ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত অর্থ বিষয়ক উপ-কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে উহা উপস্থাপন করা হলে উপস্থিত সদস্যগণ উল্লেখ করেন যে আলোচ্য সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে ও তা নিশ্চিত করা যেতে পারে। এতদপ্রেক্ষিতে কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচী - ২ ঃ অত্র সমিতির ২০১৭ সনের খসড়া নিরীক্ষিত হিসাব পর্যালোচনা ও অনুমোদনের সুপারিশ।**

সমিতির ২০১৭ সনের খসড়া নিরীক্ষিত হিসাব পর্যালোচনাকালে নিরীক্ষিত হিসাবের ফটোকপিতে ১২নং পৃষ্ঠার ফটোকপি পাওয়া যায়নি যেখানে জেনারেল ফান্ড ৯ এর বিবরণ রয়েছে। এ পর্যায়ে সিদ্ধান্ত হয় যে অডিট রির্পোটের ১২ নং পৃষ্ঠা সংযোজন করে যদি রির্পোটের কথিত জেনারেল ফান্ডের কোন অসঙ্গতি না পাওয়া যায় তবে সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উহাকে সঠিক বলে বিবেচনা করা হবে। সে মর্মে পরবর্তীতে মূল কপিতে

১২নং পৃষ্ঠা সভাপতি মহোদয়ের বরাবর উপস্থাপন করা হয় এবং উহা সঠিক আছে মর্মে পরিলক্ষিত হয়। সভায় উল্লেখ করা হয় যে, নিরীক্ষিত হিসাবে সংশ্লিস্ট অডিট ফার্ম কর্তৃক বিরূপ কোন মতামত লিপিবদ্ধ করা হয়নি। এতদপ্রেক্ষিতে ২০১৭ সালে খসড়া নিরীক্ষিত হিসাব অনুমোদনের জন্য সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয় (সংযুক্ত)।

**আলোচ্যসূচী - ৩ ঃ অত্র সমিতির ২০১৮ সালের খসড়া সংশোধিত বাজেট ও ২০১৯ সালের খসড়া প্রস্তাবিত বাজেট পর্যালোচনা ও অনুমোদনের সুপারিশ।**

সমিতির ২০১৮ সনের খসড়া খসড়া সংশোধিত বাজেট ও ২০১৯ সালের প্রস্তাবিত বাজেট সম্পর্কে সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিস্তারিত পর্যালোচনান্তে ২০১৮ সালে খসড়া সংশোধিত বাজেট এবং ২০১৯ সালের খসড়া প্রস্তাবিত বাজেটে কিছুটা সংশোধন করা হয়। সংশোধনীর পর ২০১৮ সালের খসড়া সংশোধিত বাজেটের প্রাপ্তি খাতে টাঃ ১২,৮৭,৩৯,০৩১/- (বার কোটি সাতাশি লক্ষ উনচল্লিশ হাজার একত্রিশ) এবং প্রদান খাতে টাঃ ১২,৮৭,৩৯,০৩১/- (বার কোটি সাতাশি লক্ষ উনচল্লিশ হাজার একত্রিশ) দেখানো হয়েছে এবং ২০১৯ সালের প্রস্তাবিত বাজেটে প্রাপ্তি খাতে টা ঃ ১৩,০৭,৪৫,০০০/- (তের কোটি সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার) এবং প্রদান খাতে টাঃ ১৩,০৭,৪৫,০০০/- (তের কোটি সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার) দেখানো হয়েছে যা একটি সমন্বয় বাজেট হিসাবে পরিগণিত হবে (সংযুক্ত)। উক্ত খসড়া সংশোধিত ও প্রস্তাবিত বাজেট অনুমোদনের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী - ৪ ঃ সমিতির বিভিন্ন উপকমিটির সভায় উপস্থিতির জন্য সদস্যদের যাতায়াত ভাতা বৃদ্ধি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সমিতির বিভিন্ন উপকমিটির সভায় উপস্থিতির জন্য সদস্যদের যাতায়াত ভাতা বৃদ্ধি সম্পর্কে আলোচনাকালে উল্লেখ করা হয় যে, বিগত কিছুদিন পূর্বে সমিতির বিভিন্ন উপকমিটির সদস্যদের উপস্থিতির জন্য যাতায়াত ভাতা বৃদ্ধি করা হয়েছে। সুতরাং বর্তমান পর্যায়ে যাতায়াত বৃদ্ধি করা সমীচীন হবে না মর্মে অধিকাংশ সদস্য সভায় অভিমত ব্যক্ত করেন। ভবিষ্যতে বিষয়টি বিবেচনা করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(আবদুল্লাহ হারুন পাশা)
চেয়ারম্যান
অর্থ বিষয়ক উপ-কমিটি